



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন  
ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.৯৯.০০৮.২১. **২৪**

তারিখ: -----  
**১৫** ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ

**২৮** ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

### পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ সংক্রান্ত

লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু শিল্প উদ্যোগস্থ পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে দেশের বিভিন্ন এলাকায় বিভিন্ন ধরনের শিল্প কারখানা, ইটভাটা, গৃহায়ন প্রকল্প, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, ওয়ার্কসপ, হোটেল-মোটেল ইত্যাদি স্থাপন করেছেন এবং পরবর্তীতে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করছেন। স্থাপিত এ সকল শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অধিকাংশের অবস্থান পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ মোতাবেক গ্রহণযোগ্য না হওয়ার তাদের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা সম্ভব হচ্ছে না।

২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ১২ ধারা মোতাবেক পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করা যাবে না। পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭, অনুযায়ী সবুজ শ্রেণিভূক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে সরাসরি পরিবেশগত ছাড়পত্র প্রদান কর হয়। কিন্তু কমলা-ক, কমলা-খ ও লাল শ্রেণিভূক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প স্থাপনের পূর্বে প্রথমে অবস্থানগত ছাড়পত্র এবং শিল্প প্রতিষ্ঠান চালু বা প্রকল্পের কার্যক্রম শুরুর পূর্বে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হয়। তবে, রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল (সরকারি/বেসরকারি) ও বিসিক শিল্প নগরীতে স্থাপিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হবে না। এছাড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী আবাসিক এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প স্থাপন করা যাবে না।

০৩। বর্ণিতাবস্থায়, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ মোতাবেক রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল ও বিসিক শিল্প নগরী ব্যতীত অন্য কোন এলাকায় অবস্থানগত ছাড়পত্র ব্যতীত কমলা-ক, কমলা-খ ও লাল শ্রেণিভূক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প স্থাপন না করার বা পরিচালনা না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে। আবাসিক এলাকায় ইতোমধ্যে চলমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রম অবিলম্বে বন্ধ করে তা কোনো ঘোষিত শিল্প এলাকায় বা শিল্প সমৃদ্ধ এলাকায় অথবা গ্রহণযোগ্য কোন জায়গায় স্থানান্তরের অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী বিভিন্ন আইনগত ব্যবস্থা যেমনঃ ক্ষতিপূরণ আদায়, বিভিন্ন সেবা সংযোগ বিচ্ছিন্নকরণ, মামলা দায়ের, শিল্প কারখানা বন্ধ ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা হবে। অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইট ([www.doe.gov.bd](http://www.doe.gov.bd)) পাওয়া যাচ্ছে।

মহাপরিচালক  
পরিবেশ অধিদপ্তর  
ফোনঃ ৮১৮১৮০০